# ALL INDIA RADIO

# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

**BENGALI**

**30 December 2025** **7:45 PM //7:35 AM IST**

=====================================================================

শ্রীমন্ত শংকরদেবের মতো মহান ব্যাক্তির ভারতে জন্ম গ্রহণ করাটা সৌভাগ্যের বিষয় এবং আসাম সরকার ১ লক্ষেরও বেশী দখলকারী লোককে উচ্ছেদ করেছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মন্তব্য করেন । স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী শাহ গতকাল নগাও জেলার বটদ্রবায় শ্রীমন্ত শংকরদেবের জন্মস্থান বটদ্রবা থান প্রকল্পের উদ্বোধন করে একথা বলেন ।

মন্ত্রী শ্রী শাহ বলেন যে বিজেপি নেতৃত্বাধীন সরকারের শাসন করা এই ১০ টি বছর আসামের জন্য সোণালী সময় । শ্রী শাহ লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ , লক্ষ্মীনাথ বেজবরুয়া ও শহিদ কনকলতা বরুয়াকে শ্রদ্ধার সংগে স্মরণ করেন । গত কয়েকবছরে আসাম দেশের বিকাশের ইঞ্জিন হিসেবে পরিগনিত হোয়ার দিকে অগ্রসর হয়েছে বলে স্বরাষ্ট্রমন্ত্রী উল্লেখ করেন ।

বাইট -----

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে একাংশ লোকের দখল করে রাখা জমি উচ্ছেদ করে বটদ্রবা প্রকল্প নির্মাণ করা হয়েছে । রাজ্য সরকার এধরণের অবৈধ দখলের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান অব্যাহত রাখবে বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

বাইট -----

অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটা ও সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী বিমল বরা উপস্থিত ছিলেন । উল্লেখ্য শ্রীমন্ত শংকরদেবের জন্মস্থান বটদ্রবাকে কলা সংস্কৃতি ও আধ্যাত্মিকতার অন্যতম প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তুলে পর্যটকদের জন্য আকর্ষনের কেন্দ্র করে তুলতে এই প্রকল্প গুরুত্বপূর্ন ভূমিকা গ্রহণ করবে বলে আশা করা হচ্ছে ।

---

পরে স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীশাহ গতকাল গুয়াহাটীতে পুলিশ কমিশনারের কার্যালয় ভবন ও স্বয়ং চালিত নগর নিরীক্ষণ ব্যবস্থারও উদ্বোধন করেন । স্বরাষ্ট্র মন্ত্রী নতুন ফৌজদারী আইন সম্পর্কীত একটি প্রদর্শনীর উদ্বোধন করা সহ রাজ্যের প্রতিটি জেলা সফর করার জন্য ফরেণসিক বাহন যাত্রার সূচণা করেন । শ্রী শাহ খানাপারায় নব

নির্মিত ৫ হাজার আসনযুক্ত জ্যোতি বিষ্ণু প্রেক্ষগৃহের উদ্বোধন করেন । ৪৫ বিঘা এলাকাজুড়ে ২৯১ কোটি টাকা ব্যয় সাপেক্ষে নির্মাণ করা এই প্রেক্ষাগৃহে সম্মেলন ভবন , অত্যাধুনিক দৃশ্য - শ্রবন ব্যবস্থা , ডিজিটেল পরিকাঠামো সহ বেশ কিছু উন্নতমানের ব্যবস্থা রাখা হয়েছে । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে এই নতুন ব্যবস্থা সুরক্ষা নিরাপত্তা , বহনক্ষমতা ও প্রকাশ্য সুবিধা সুনিশ্চিত করবে ।

---

পানকার্ড এবং আধারকার্ড সংযোগের জন্য অন্তিম সময়সীমা আগামীকাল অর্থাৎ ৩১শে ডিসেম্বর ধার্য করা হয়েছে । জনসাধারণের কর প্রদান করার ক্ষেত্রে পানকার্ড এবং আধারকার্ডের সংযোগ বাধ্যতামূলক করা হয়েছে । ২০২৪ সালের পয়লা অক্টোবর আধারকার্ড এবং পানকার্ড সংযোগ করার জন্য একটি নির্দেশ জারী করা হয়েছিল এবং পরবর্তী সময়ে ওই সময়সীমা ২০২৫ সালের তেসরা এপ্রিল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল । আগামী বুধবারের আগে যারা পানকার্ড এবং আধারকার্ড সংযোগ করবেন না তাদের ১ হাজার টাকা জরিমানা দিতে হবে অথবা পানকার্ড নিষ্ক্রিয় করে দেওয়া হবে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে । এই সময়সীমার মধ্যে পানকার্ড এবং আধারকার্ড যুক্ত করা না হলে ২০২৬ সালের টি ডি এস এবং টি সি এস-এর অর্থ ফেরৎ দেওয়া হবে বলেও স্পষ্টিকরণ দেওয়া হয়েছে ।

---

গুয়াহাটী-সাইরাং ডেইলি এক্সপ্রেস ট্রেনের সময় সূচীতে কোন পরিবর্তন করা হবে না বলে উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে । ট্রেনটি আগের মতো তার সময়সূচী মেনে চলাচল করবে । সীমান্ত রেলের পক্ষ থেকে জানানো হয়েছে যে ট্রেনটির সময় পরিবর্তনের যে প্রস্তাব আগে দেওয়া

হয়েছিল , তা বাতিল করা হয়েছে । সাইরাং -গুয়াহটী ট্রেনটি আগের দেওয়া নির্ধারিত সময়েই চলবে বলে সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে ।

---

অসম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় আয়োজিত অষ্টম অসম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগীতার আজকের খেলায় বি সি এস ক্লাব খেলবে রাইজিং ইয়ং স্টার ক্লাবের বিরুদ্ধে ।
নেতাজি সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকাল উদ্বোধনী ম্যাচে ব্লাড মাউথ ক্লাব ২৮২ রানে জি এস এল আলগাপুর দলকে পরাজিত করে ।

উল্লেখ্য জেলার বিশিষ্ট শিক্ষাবিদ বি কে ধর ও জেলা ক্রীড়া সংস্থার সম্পাদক শৈবাল সেনগুপ্ত এই প্রতিযোগীতার উদ্বোধন করেন ।